

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফই সার্কুলার পত্র নং- ২২

আশ্বিন ২২, ১৪২৬ বাং  
তারিখ : \_\_\_\_\_  
অক্টোবর ০৭, ২০১৯ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**নতুন ১৩ ডিজিট সম্পন্ন নিবন্ধন সংখ্যা বিহীন কোন আমদানিকারকের পক্ষে ঋণপত্র ইস্যু না করা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর ২৯/৯/২০১৯ তারিখের নথি নং-০৮.১.০০০০.০৬৮.১১.০০৫.১২  
(১০১)/২০১৭/৫৯৬ (কপি সংযুক্ত) এর নির্দেশনা আপনাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হুবহু পুনর্মুদ্রণ করা হলো।

২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১২৩

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ভ্যাট অনলাইন প্রকল্প

VAT Online  
Project

আইডিইবি ভবন (৮ম) তলা, ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।

[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

[ফ্যাক্স-০২-৯৩৪৮৫১৪, পিবিএক্স ০২-৯৩৪৮৪৪৮]

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১১.০০৫.১২(১০১)/২০১৭/৫৯৬

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ নতুন ১৩ ডিজিট সম্পন্ন নিবন্ধন সংখ্যা বিহীন কোন আমদানিকারকের পক্ষে ঋণপত্র ইস্যু না করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি সদয় আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ড গত ০১ জুলাই ২০১৯ হতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ কার্যকর করেছে। এটি একটি অনলাইন ভিত্তিক ব্যবস্থাপনা হওয়ায় এর আওতায় ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের ডেটাবেসটি হালনাগাদ করা প্রয়োজন। এ লক্ষ্যে সকল সম্মানিত করদাতাগণকে পুরাতন ১১ অথবা ৯ ডিজিট বিশিষ্ট মুসক নিবন্ধন সংখ্যার পরিবর্তে ১৩ ডিজিট বিশিষ্ট নিবন্ধন সংখ্যা গ্রহণ করার জন্য জাতীয় দৈনিক পত্রিকাসমূহে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ১৩ ডিজিট নিবন্ধন সংখ্যার প্রথম ৯ ডিজিট ব্যবসা সনাক্তকরণ সংখ্যা এবং এরপর একটি হাইফেন দিয়ে পরবর্তী ৪ ডিজিট অধিক্ষেত্র সনাক্তকরণ সংখ্যা যা ব্যবসা স্থলের ঠিকানা পরিবর্তনের সাথে পরিবর্তনশীল। নতুন নিবন্ধন সংখ্যা গ্রহণের সর্বশেষ সময়সীমা ছিল ১৪ আগস্ট ২০১৯।

০৩। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে এ সময়সীমা উত্তীর্ণ হলেও বিভিন্ন কারণে একটি উল্লেখযোগ্য সংখ্যক করদাতা এখনো ১৩ ডিজিটের (একটি হাইফেনসহ ১৪টি ক্যারেক্টার সম্পন্ন) নিবন্ধন সংখ্যা গ্রহণ করতে সমর্থ হননি। এতে সঠিক ভ্যাট আদায় কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। কারণ ১৩ ডিজিটের নিবন্ধন সংখ্যা ব্যতীত অনলাইনে মাসিক রিটার্ন দাখিল করা সম্ভব নয়। অপরদিকে দেখা যাচ্ছে বাণিজ্যিক ব্যাংকসমূহ অনেক ক্ষেত্রেই নতুন ১৩ ডিজিটের নিবন্ধন সংখ্যা ছাড়াই আমদানিকারকদের পক্ষে ঋণপত্র ইস্যু করছে যা পরবর্তীতে জটিলতা সৃষ্টি করবে। উল্লেখ্য, যেকোন নতুন সিস্টেম প্রচলনের পর তা যথাযথ পর্যায়ে উন্নীত হতে বেশ কিছুদিন সময় প্রয়োজন হয় এবং এ ক্ষেত্রে সকল পক্ষের সহযোগিতা অপরিহার্য।

০৪। বর্ণিত পরিস্থিতিতে, সকল পক্ষের বাস্তব সমস্যাসমূহ বিবেচনায় নিয়ে জাতীয় রাজস্ব বোর্ড নতুন ১৩ ডিজিট সম্পন্ন নিবন্ধন গ্রহণের সময়সীমা আগামী ৩১ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত তারিখের পর হতে কোন বাণিজ্যিক ব্যাংক যেন নতুন ১৩ ডিজিট সম্পন্ন ভ্যাট নিবন্ধন সংখ্যা বিহীন কোন আমদানিকারকের পক্ষে ঋণপত্র ইস্যু না করে সে বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও সকল বাণিজ্যিক ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
সৈয়দ মুসফিকুর রহমান  
প্রকল্প পরিচালক  
(কমিশনার)

টেলিফোনঃ ০২-৪৮৩২২৩০৬

প্রাপক :

জনাব আহমেদ জামাল  
ডেপুটি গভর্নর  
বাংলাদেশ ব্যাংক, ঢাকা।